

বিষয়ঃ রাজস্ব জোন-২ এর কম্পিউটার ও সাধারণ শাখার জন্য ৩৫(পঁয়ত্রিশ) রিম A4 সাইজের কাগজ ও ৬(ছয়) টি বিভিন্ন মডেলের টোনার ক্রয় বাবদ ২৪,৩৫০/- (চব্বিশ হাজার তিনশত পঞ্চাশ) টাকা অস্থায়ী অগ্রীম প্রদান প্রসঙ্গে।

৪২। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় জানানো যাচ্ছে যে, রাজস্ব জোন-২ এর গ্রাহক হিসাব সংখ্যা প্রায় ৩৪,০০০। অত্র জোনের বকেয়া বিল আদায়ের সামারী, কলসুলেটেড বিল তৈরী, বকেয়া ও একাউন্ট স্টেটমেন্ট রিপোর্ট, গ্রাহক তথ্য, বকেয়া প্রত্যয়ন পত্র, না-দাবী প্রত্যয়ন পত্র, পানি ও পয়ঃ সংযোগের ক্লিয়ারেন্স প্রদান এবং অন্যান্য বিভিন্ন প্রিন্টিং কাজে A4 সাইজের কাগজ ও টোনার প্রয়োজন হয়। কিন্তু গত আগস্ট/২৫ মাস থেকে অত্র জোনে ব্যবহৃত ৬(ছয়)টি প্রিন্টারের টোনার ও A4 সাইজের কাগজ অনলাইন রিকুরেশনে না থাকায় চাহিদা দেয়া যাচ্ছে না। ফলে জোনের দাপ্তরিক কার্যক্রম প্রায় স্থবির হয়ে পড়েছে। ততপ্রেক্ষিতে কাগজ ও টোনার ও কাগজ সরবরাহ সংক্রান্ত একটি নথি স্মারক নং- প্রে-১৭৮/রাঃ জোঃ-২/০৭/০৬/২০২৫ইং এবং একটি পত্র স্মারক নং- ৪৬.১১৩.৩০৫.০০.০০.২০২৫/২৬৬,তারিখঃ-০২/০৯/০৬/২০২৫ইং, উপ-সচিব, কমন সার্ভিস বিভাগে প্রেরণ করা হয়েছে(সংযুক্তি-৫)। অথচ কমন সার্ভিস বিভাগ থেকে অদ্যাবধি টোনার বা কাগজ প্রাপ্তির কোন আশ্বাস পাওয়া যায় নাই। রাজস্ব বিলিং ও আদায় কার্যক্রম একটি চলমান প্রক্রিয়া হওয়ায় রাজস্ব জোন সমূহে প্রতিনিয়ত গ্রাহক সেবা প্রদান করতে হয়। গ্রাহক সেবা প্রদানের জন্য কাগজ ও টোনার/কার্টিজ সরবরাহ অত্যন্ত জরুরী। তাই অত্র জোনের জরুরী প্রিন্টিং সংক্রান্ত চাহিদা পূরণ ও অফিসিয়াল কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে A4 কাগজ ও বিভিন্ন মডেলের ০৬(ছয়)টি টোনার/কার্টিজ ক্রয় করা প্রয়োজন। স্থানীয় বাজারদর যাচাই করে যে সর্বনিম্ন দর পাওয়া গেছে তা নিম্নোক্ত ছকে উল্লেখ করা হলো-

ক্রম	বিবরণ	দর	পরিমাণ	মূল্য
০১.	Bashundhara A4 পেপার	৪৫০/-	৩৫টি	১৫,৭৫০/-
০২.	LH 26A	১,৫০০/-	২টি	৩,০০০/-
০৩.	CF 76A(Without Chip)	১,৫৫০/-	২টি	৩,১০০/-
০৪.	151 A(Without Chip)	১,২৫০/-	১টি	১,২৫০/-
০৫.	166A(Without Chip)	১,২৫০/-	১টি	১,২৫০/-
মোট=			৪১টি	২৪,৩৫০/-

৪৩। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার প্রেক্ষিতে এবং রাজস্ব জোন-০২ এর বিলিং ও আদায়ের কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে কাগজ এবং টোনার/কার্টিজ ক্রয় বাবদ সর্বমোট=২৪,৩৫০/- (চব্বিশ হাজার তিনশত পঞ্চাশ টাকা) মাত্র রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-২ এর অনুকূলে অত্র জোনের "প্রিন্টিং ও স্টেশনারী" ও "কম্পিউটার মেইনটেনেন্স" খাত হতে অস্থায়ী অগ্রীম বরাদ্দের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। অস্থায়ী অগ্রীম অনুমোদিত হলে পরবর্তিতে খবচের প্রকৃত ভাউচারের মাধ্যমে উক্ত টাকা সমন্বয় করা হবে।

মাসুদুল আলম খান
রাজস্ব কর্মকর্তা(চঃ দাঃ)
রাজস্ব জোন-২, ঢাকা ওয়াসা

রফিকুল আমিন
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
অফিস প্রধান
রাজস্ব জোন-২, ঢাকা ওয়াসা

মোঃ আনোয়ার হোসেন
উপসচিব
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

২৭/০২/২৫

এস.এম. মোস্তফা কামাল মজুমদার
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

মোঃ আনোয়ার হোসেন
উপসচিব
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

২৭.০২.২০২৫
DMD(CP)
Note/Notesheet.21.docx 287

মোঃ মিজানুল হক
উপসচিব
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা